



ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ

টিসিবি ভবন, ১ কাওরান বাজার, ঢাকা-১২১৫।

www.tcb.gov.bd

বিশেষ বিজ্ঞপ্তি

টিসিবি কর্তৃক গত ২৩ এপ্রিল ২০২৫ তারিখে আর্মি গলফ ক্লাবে 'Trade with TCB' শীর্ষক আলোচনা অনুষ্ঠান আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে বিভিন্ন বিষয়ে ব্যবসায়ীগণের পরামর্শ ও চাহিদা অনুযায়ী টিসিবি কর্তৃক ইতোমধ্যে নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণ ও বাস্তবায়ন করা হয়েছে;

ক) পণ্য সরবরাহ সাপেক্ষে চুক্তিমূল্যের সর্বনিম্ন ১৫% বিল পরিশোধের কার্যক্রম গ্রহণ করা হয়েছে এবং এ লক্ষ্যে দরপত্রের শর্ত সংশোধন করা হয়েছে। সরবরাহকারীদের আবেদন সাপেক্ষে ইতোপূর্বে সম্পাদিত চুক্তির বিল পরিশোধের শর্তও একইভাবে সংশোধন করা হচ্ছে।

খ) পে-অর্ডার আকারে দাখিলকৃত দরপত্র জামানত দরদাতার আবেদন সাপেক্ষে কার্যসম্পাদন জামানতের সাথে সমন্বয় করা হচ্ছে।

গ) পণ্য ক্রয়ের দরপত্র বিজ্ঞপ্তি ব্যবসায়ী সংগঠন FBCCI, DCCI, CCCI, বাংলাদেশ ভেজিটেবল অয়েল রিফাইনার্স এন্ড বনস্পতি ম্যানুফ্যাকচারার এসোসিয়েশন ও বাংলাদেশ সুগার রিফাইনার্স এসোসিয়েশন এর পাশাপাশি খুলনা চেম্বার অব কমার্স (KCCI), সিলেট চেম্বার অব কমার্স (SCCI) ও মেট্রোপলিটন চেম্বার অব কমার্স (MCCI) এ প্রেরণ করা হচ্ছে।

ঘ) উল্লেখ্য, আন্তর্জাতিক এলসির ক্ষেত্রে শিপিং ডকুমেন্টস এ Discrepancy থাকলে বিল অব এন্ট্রি বাংলাদেশ ব্যাংক এর ড্যাশবোর্ড Online Import Monitoring System (OIMS) এ প্রদর্শিত না হলে সংশ্লিষ্ট ব্যাংক কর্তৃক বিধি মোতাবেক বিল পরিশোধ করা সম্ভব হয় না।

টিসিবি কর্তৃপক্ষ